



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৯-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে অদ্য ৯ ফেব্রুয়ারী ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হতে দিনব্যাপী নারায়নগঞ্জ ওসমানী পৌর স্টেডিয়ামে 'বাবুফে-নারায়নগঞ্জ ডিএফএ গ্রাসরুট ফেস্টিভ্যাল ২০২১' অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন বাবুফে ডেভেলপমেন্ট কমিটির সদস্য জনাব মোঃ মহসিন, খন্দকার রকিবুল ইসলাম, জনাব গোলাম গাউস, নারায়নগঞ্জ ডিএফএ এর সভাপতি ও ডিএসএ এর সাধারণ সম্পাদক জনাব তানভীর আহমেদ (টিটু), বাবুফের গ্রাসরুট ম্যানেজার জনাব মোঃ হাসান মাহমুদ এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সহকারী প্রশিক্ষক Mr. Stuart Paul Witkiss সহ ডিএফএ এর কর্মকর্তা ও প্রাক্তন খেলোয়াড়বৃন্দ।

উক্ত ফেস্টিভ্যালে মোট ২৬০ জন শিশু-কিশোর অংশগ্রহণ করে। উক্ত শিশুদের মধ্যে টি-শার্ট ও খাবার বিতরণ করা হয়। এর ধারাবাহিকতায় আগামী ১১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কুমিল্লা ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়ামে 'বাবুফে-কুমিল্লা ডিএফএ গ্রাসরুট ফেস্টিভ্যাল ২০২১' অনুষ্ঠিত হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।